# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২৩-২০২৪/ ৯৭৬(ক)  তারিখ ঃ ০৭/০৯/২৩

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১১/০৯/২০২৩ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। ডেঙ্গু রোগের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ প্রসঙ্গে।
৩। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

........................................................

........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১১-০৯-২০২৩ খ্রিঃ
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**
সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ ডেঙ্গু রোগের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ প্রসঙ্গে।**
আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, বর্তমানে দেশব্যাপী ডেঙ্গু রোগ ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। আমরা জানি ডেঙ্গু এডিস মশা বাহিত রোগ অর্থাৎ ডেঙ্গুর ভাইরাস বাহিত এডিস মশা মানব দেহে কামড় দিলে ডেঙ্গু রোগের সৃষ্টি হয়। প্রতিদিন বিভিন্ন সংবাদ মাধ্যমে থেকে জানা যাচ্ছে দেশের বিভিন্ন জায়গায় ডেঙ্গু রোগে অনেক মানুষ আক্রান্ত হচ্ছে, তাদের মধ্যে অনেকে মারা যাচ্ছে। এমনকি আমাদের জয়পুরহাট শহরেও ডেঙ্গু রোগের রোগী দেখা যাচ্ছে। তাই আমাদের ডেঙ্গু রোগ হতে মুক্ত থাকার জন্য বিভিন্ন ধরনের সচেতনা মূলক কর্মসূচী গ্রহণ করতে হবে।
মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, ডেঙ্গু থেকে বাঁচতে হলে আমাদের করণীয় কি তা আমাদের জানতে হবে এবং সে অনুযায়ী প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমরা জানি বাড়ীর আসপাশে বিভিন্ন জায়গায় জমে থাকা পানিতে অর্থাৎ টব, ভাঙ্গা বোতল, ডাবের খোসা, বাসার ছাদে জমা পানি প্রভৃতিতে ডেঙ্গু মশার লাভা সৃষ্টি হয়। তাই তিনি ডেঙ্গু হতে বাচঁতে প্রতিকারের উপায় সমূহ নিম্নোক্ত ভাবে তুলে ধরেনঃ-
১) বাড়ীর আসপাশে কোথাও যেন পানি জমে না থাকে ও পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
২) বাড়িতে মশারি, মশা তাড়ানোর ঔষধ ব্যবহার করা।
৩) বাইরে যাওয়ার সময় ফুলহাতা জামা ব্যবহার করা।
৪) জানালায় নেট লাগানো অথবা দরজা জানালা বন্ধ করে রাখা।
৫) ডেঙ্গুর লক্ষণ থাকলে ডাক্তার দেখানো।
৬) সাধারনত দিনের বেলা ও সন্ধ্যার সময় ডেঙ্গু মশা কামড়ায়।

মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, এখন আবহাওয়াগত কারণে সিজিনাল জ্বর ও সর্দি হচ্ছে। এজন্য কোনটি নরমাল সিজিনাল জ্বর আর কোনটি ডেঙ্গু জ্বর, সেজন্য ডেঙ্গু জ্বরের লক্ষণ সমূহ জানা দরকার। যেমন- জ্বর হওয়া, আতিরিক্ত মাথা ব্যাথা, চোখের চারপাশে ব্যাথা, পেশিতে ও হাড়ের গিটে ব্যাথা, বমি ও বমি বমি ভাব, ত্বকে লাল ছোপ ছোপ দাগ, নাক থেকে রক্তপাত।

আলোচনা চলাকালে এ কমিটির সদস্য সচিব বলেন, ইতিমধ্যে ডেঙ্গু প্রতিরোধের জন্য মেয়র মহোদয়ের উদ্যেগে বিভিন্ন সচেতনতা মূলক মাইকিং, ফগার মিশিনের মাধ্যমে মশক নিধন স্প্রে করন সহ ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন এবং ডেঙ্গু বিষয়ে সার্বিক মনিটরিং করার জন্য পৌরসভায় কমিটি গঠন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ এলাকা ভিত্তিক সেচ্ছাসেবী তৈরী করে ব্যাপক সচেতনতা ও পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচী গ্রহণ। ওয়ার্ড ভিত্তিক গঠিত কমিটি গুলোকে কর্যকর করণে ওয়ার্ড কাউন্সিলর গণের উদ্যেগ গ্রহণ এবং পৌরসভা হতে টিম গঠন করে নিয়মিত বাসাবাড়ী ও বানিজ্যিক প্রতিষ্ঠান গুলোতে এডিস মশার লাভা সৃষ্টি হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করা এবং প্রয়োজন বোধে জরিমনা করা।

আলোচ্য সূচী-৩। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

জয়পুরহাট পৌরসভায় GAP বাস্তবায়ন আওতায় গৃহীত কর্মকান্ড সমূহ ইউজিপ প্রকল্প হতে প্রাপ্ত ফরমেট অনুযায়ী পূরণ করে এবং GAP খাতে খরচের বিল ভাউচার প্রস্তুত করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

সিদ্ধান্ত ঃ- প্রকল্পের নির্দেশনা মোতাবেক GAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণের জন্য উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কে দায়িত্ব প্রদান করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২৩-২০২৪/ ২০৮ তারিখ ঃ ১১-০৭-২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১১/০৯/২০২৩ ইং।
রোজ ঃ সোমবার ।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্‌সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |